

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, পার্টনারস-(১) সৈয়দ জানে আলম, পিতা- মৃত সৈয়দ বদিউল আলম, মাতা-নূরবানু বেগম, ব্যবসায়িক ঠিকানা-মেসার্স অনন্যা মোটরস, ১২৯৩, ডি,টি রোড, রাজা সুপার মার্কেট, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- ১৩১৪/এ, মীর বাড়ি, রাস্তা- শেখ মুজিব রোড, উত্তর আগ্রাবাদ, ডাকঘর- বন্দর-৪১০০, থানা ডবলমুরিং, জেলা- চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা: ১৩১৪/এ, মীর বাড়ি, শেখ মুজিব রোড, উত্তর আগ্রাবাদ, ডাকঘর- বন্দর-৪১০০, থানা ডবলমুরিং, জেলা- চট্টগ্রাম, (২) জনাব মোঃ শফিউল আলম, পিতা- মৃত সুলতান আহমেদ, মাতা- মৃত আনোয়ারা খাতুন, ব্যবসায়িক ঠিকানা-মেসার্স অনন্যা মোটরস, ১২৯৩, ডি,টি রোড, রাজা সুপার মার্কেট, ধনিয়ালাপাড়া, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- ১৩১৪/এ, মীর বাড়ি, রাস্তা- শেখ মুজিব রোড, উত্তর আগ্রাবাদ, ডাকঘর- বন্দর-৪১০০, থানা ডবলমুরিং, জেলা- চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা: শফিউল আলমের বাড়ি, আসকারাবাদ, ডাকঘর- বন্দর-৪১০০, থানা- ডবলমুরিং, জেলা- চট্টগ্রাম, কর্তৃক ইউসিবি, খাতুনগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৪.০৪.২০১৮ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৪৬,১০,৬৬১.০৫ (এক কোটি ছেচল্লিশ লক্ষ দশ হাজার ছয়শত একষট্টি টাকা পাঁচ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১	জেলা- চট্টগ্রাম, থানা- ডবলমুরিং, মোজা- আসকারাবাদ, জে এল নং-বি এস ১১ আর এস খতিয়ান নং-২৪৯, আর এস প্লট নং-১৮৪, পি এস খতিয়ান নং- ৮০/৯৫, পি এস প্লট নং-২১৭, বি এস খতিয়ান নং- ২৭৭, বি এস প্লট নং-৫৩৫, বি এস মিউটেশন খতিয়ান নং ২৭৭/৯, ২৭৭/৯/১, বি এস প্লট নং-৫৩৫ মোট জায়গার পরিমাণ -৪.৪৬ শতাংশ। জায়গার মালিক -মোঃ শফিউল আলম।
২	জেলা- চট্টগ্রাম, থানা- বন্দর, মোজা- বন্দর, জে এল নং-৩০, আর এস খতিয়ান নং-৭৪২/১, ৭৩৯, আর এস প্লট নং- ৪২৪, ৪২০, বি এস খতিয়ান নং-৭১১, ৪২৩, বি এস প্লট নং ১৫০৩, ১৫০০, বি এস মিউটেশন খতিয়ান নং -১২২৯, বি এস প্লট নং-১৫০০, ১৫০৩ মোট জায়গার পরিমাণ -৬.০০শতাংশ। জায়গার মালিক সৈয়দ আনোয়ারুল আলম।

নিলামের শর্তাবলী :-

- (১) আগামী ০৬.০৫.২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপার্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ড যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা।